e of the Director of Accounts
dministrative Building , University of Dhaka
Dhaka-1000, Bangladesh.
Phone : 55167721
IP Pabx : 88-09666911463, Ex-4163/4171
Pabx : 880-2-9661900 Ex-4163/4171,
Fax : 880-2-9667222
E-mail : dhakauniversity.acc.bd@gmail.com
Website : http://www.du.ac.bd

হিসাব পরিচালকের অফিস
প্রশাসনিক ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : ৫৫১৬৭৭২১
আইপি পিএবিএক্স : ৮৮-০৯৬৬৬৯১১৪৬৩,
এক্স-৪১৬৩/৪১৭১
পিএবিএক্স : ৮৮০-২-৯৬৬১৯০০, এক্স-৪১৬৩/৪১৭১

No : ২৪৬৩ /DA/DU

Date : ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১ / 30 May 2024

বিজ্ঞপ্তি

সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর (৩য় ও ৪র্থ শ্রেণি) স্বাস্থ্য বীমা প্রসঙ্গে

এতদ্বারা আদিষ্ট হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিম্নোক্ত ক্রমিক ০১ হতে ০৪ -এ বর্ণিত তথ্যাদি হিসাব পরিচালক অফিসের স্বাস্থ্য বীমা শাখায় (রুম নং-২১৫, ২য় তলা) জমা দেয়ার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ-

০১. স্বাস্থ্য বীমা প্রকল্পে স্পাউস-সন্তানদের নাম অন্তর্ভুক্ত করতে ইচ্ছুক হলে স্বাস্থ্য বীমা শাখা হতে ফরম সংগ্রহ করে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জন্ম তারিখের প্রমাণক (NID কার্ড/জন্ম নিবন্ধন সনদ/এসএসসি সার্টিফিকেট/পাসপোর্ট)-এর যেকোনো একটি কপিসহ আগামী ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে জমা দিতে হবে। তবে-

i) সন্তানের বয়স ২৫ বছরের উর্ধ্বে হলে স্বাস্থ্য বীমা সেবা পাওয়া যাবে না।

ii) শিক্ষকগণের স্পাউসের (স্বামী/স্ত্রী) বয়স ৬৬ বছর, কর্মকর্তাগণের স্পাউসের (স্বামী/স্ত্রী) বয়স ৬৩ বছর, ৩য় শ্রেণি ও ৪র্থ শ্রেণি কর্মচারীগণের স্পাউসের (স্বামী/স্ত্রী) বয়স ৬১ বছরের উর্ধ্বে হলে স্বাস্থ্য বীমা সেবা পাওয়া যাবে না।

০২. বর্তমানে স্বাস্থ্য বীমা প্রকল্পে যাদের (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী) স্পাউস-সন্তানের নাম অন্তর্ভুক্ত আছে তাদের সবাইকে স্পাউস-সন্তানের জন্ম তারিখের প্রমাণক (NID কার্ড/জন্ম নিবন্ধন সনদ/এসএসসি সার্টিফিকেট/পাসপোর্ট)-এর যেকোনো একটি কপি আগামী ৩০শে জুন ২০২৪ তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য-

i) সন্তানের বয়স ২৫ বছরের উর্ধ্বে হলে স্বাস্থ্য বীমা সেবা পাওয়া যাবে না।

ii) কোনো সম্মানিত শিক্ষকগণের স্পাউসের (স্বামী/স্ত্রী) বয়স ৬৬ বছর, কর্মকর্তাগণের স্পাউসের (স্বামী/স্ত্রী) বয়স ৬৩ বছর, ৩য় শ্রেণি ও ৪র্থ শ্রেণি কর্মচারীগণের স্পাউসের (স্বামী/স্ত্রী) বয়স ৬১ বছরের উর্ধ্বে হলে স্বাস্থ্য বীমা সেবা পাওয়া যাবে না।

০৩. যদি কোনো সদস্য তাঁদের স্পাউস-সন্তানদের নাম স্বাস্থ্য বীমা তালিকা হতে প্রত্যাহার করতে চান সেক্ষেত্রে সাদা কাগজে লিখিত আবেদন আগামী ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে জমা দিতে হবে। আর যদি স্বাস্থ্য বীমা তালিকায় স্পাউস-সন্তানদের নাম বহাল রাখতে চান সেক্ষেত্রে আবেদনের প্রয়োজন নাই।

০৪. নিয়মিত সদস্যদের ক্ষেত্রে নতুন হেলথ্ কার্ডের জন্য স্বাস্থ্য বীমা শাখা হতে ফরম সংগ্রহ করে ০১ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ আগামী ৩০ শে জুলাই ২০২৪ তারিখের মধ্যে জমা দিতে হবে।

৩০.৫.২৪

সহকারী হিসাব পরিচালক (স্বাস্থ্য বীমা)
হিসাব পরিচালকের দপ্তর
ঢাকা বিশ্ববিদ্যালয়।

...of the Director of Accounts
...inistrative Building , University of Dhaka
...haka-1000, Bangladesh.
Phone : 55167721
IP Pabx : 88-09666911463, Ex-4163/4171
Pabx : 880-2-9661900 Ex-4163/4171,
Fax : 880-2-9667222
E-mail : dhakauniversity.acc.bd@gmail.com
Website : http://www.du.ac.bd

হিসাব পরিচালকের অফিস
প্রশাসনিক ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : ৫৫১৬৭৭২১
আইপি পিএবিএক্স : ৮৮-০৯৬৬৬৯১১৪৬৩,
এক্স-৪১৬৩/৪১৭১
পিএবিএক্স : ৮৮০-২-৯৬৬১৯০০, এক্স-৪১৬৩/৪১৭১

No : ২৪৬৪ /DA/DU

Date : ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১ / 30 May 2024

বিজ্ঞপ্তি

সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর (৩য় ও ৪র্থ শ্রেণি) স্বাস্থ্য বীমা প্রসঙ্গে

এতদ্বারা আদিষ্ট হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উন্নত চিকিৎসার জন্য বাংলাদেশের বাইরে অর্থাৎ বিদেশে গিয়ে চিকিৎসা গ্রহণ করলে হাসপাতালের প্রয়োজনীয় কাগজপত্র অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। বীমা দাবি পাওয়ার সুবিধার্থে বীমা দাবি দাখিল করার সময় চুক্তি অনুযায়ী নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে:

ক) হাসপাতলে ভর্তির ক্ষেত্রে:

১. হাসপাতালে ভর্তির জন্য চিকিৎসকের পরামর্শের কপি (Doctor Prescription)।
২. হাসপাতালের মূল বিলসমূহ (Details Bill)।
৩. হাসপাতালের ছাড়পত্রের কপি (Discharge Certificate)।
৪. পরীক্ষা-নিরীক্ষা রিপোর্টের কপি (Investigation Report)
৫. ভিসা ও পাসপোর্টের কপি।

খ) বহি:বিভাগ চিকিৎসার ক্ষেত্রে:

১. চিকিৎসকের পরামর্শের কপি (Doctor Prescription) Test Advise সহ।
২. Doctor Visit Fee (Original)
৩. পরীক্ষা-নিরীক্ষার মূল বিলসমূহ।
৪. পরীক্ষা-নিরীক্ষা রিপোর্টের কপি।
৫. ভিসা ও পাসপোর্টের কপি।

বি:দ্রঃ বীমা দাবি পাওয়ার সুবিধার্থে বিদেশে গিয়ে চিকিৎসা গ্রহণের আগে প্রশাসনিক ভবনের স্বাস্থ্য বীমা শাখায় (রুম নং ২১৫)-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো (এক্স-৪১৮০)।

সহকারী হিসাব পরিচালক (স্বাস্থ্য বীমা)
হিসাব পরিচালকের দপ্তর
ঢাকা বিশ্ববিদ্যালয়।